বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

সরকারি রেজিস্ট্রেশন প্রাপ্ত

**EIIN- 139189**



ইউনিক পাবলিক স্কুল

# ইউনিক পাবলিক স্কুল

# PROSPECTUS

## (প্রস্তাবিত কর্মপন্থা)

আলতাফুন্নেছা খেলার মাঠ সংলগ্ন (দক্ষিণ পার্শ্বে), জলেশ্বরীতলা, বগুড়া ।

Mobile : 01755-959656, 01319-969921, Email: uniqueps15@gmail.com, Web site : www.ups.edu.bd



বার্ষিক ক্রিড়া প্রতিযোগিতা-২০২০ এ প্রধান অতিথি শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় অতিরিক্ত সচিব মোঃ মোমিনুর রশীদ আমিন স্যারকে সম্মাননা প্রদান করছেন ইউনিক পাবলিক স্কুলের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব মোঃ তনছের আলী প্রাং



নদী মেলায় ইউনিক পাবলিক স্কুলের স্টল পরিদর্শন করছেন নদী কমিশনের সচিব জনাব মজিবুর রহমান ও জেলা প্রশাসক জনাব ফয়েজ আহাম্মদ




বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে জেলা প্রশাসক, বগুড়ার সঙ্গে ইউনিক পাবলিক স্কুলের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও শিক্ষার্থী



মহান বিজয় দিবসে জেলা পর্যায়ে ডিসপ্লেতে দ্বিতীয় স্থান অর্জন করায় প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব মোঃ তনছের আলী প্রাং সহ শিক্ষার্থীদের পুরস্কার দিচ্ছেন জনাব ফয়েজ আহাম্মদ, জেলা প্রশাসক, বগুড়া ও জনাব মোঃ আলী আশরাফ ভূঞা বিপিএম বার, পুলিশ সুপার বগুড়া।



শিক্ষা ও সাংস্কৃতিক ক্ষেত্রে অবদানের জন্য শেরে বাংলা পদক গ্রহণ করছে প্রতিষ্ঠাতা চেয়ারম্যান জনাব মোঃ তনছের আলী প্রাং




জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৯৯তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবসের আনন্দ র‍্যালীতে প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীদের সাথে জনাব আমিরুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (উপ-সচিব), জেলা পরিষদ, বগুড়া।



আন্তঃশ্রেণি ভিত্তিক চিত্রাংকন প্রতিযোগিতায় প্রধান অতিথি জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক জনাব মোঃ মুশফিকুর রহিমকে সম্মাননা স্মারক ক্রেস্ট দিচ্ছেন অত্র স্কুলের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান ও কো চেয়ারম্যান সহ শিক্ষকবৃন্দ



শেখ রাসেল দিবস-২০২২ উপলক্ষে চিত্রাঙ্কন প্রতিযোগিতায় উপজেলা ও জেলা পর্যায়ে ১ম স্থান এবং বিভাগ পর্যায়ে ৩য় স্থান অর্জন করায় উম্মে রুকাইয়াকে সংবর্ধনা স্মারক প্রদান করছে অত্র প্রতিষ্ঠানের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান



# চেয়ারম্যানের বাণী

মানব সভ্যতা ও জ্ঞান বিজ্ঞানের উন্নতির মূলে শিক্ষা সর্বাধিক গুরুত্ব বহন করে যা জাতিকে আত্মনির্ভরশীল ও আত্মমর্যাদাশীল করতে সহায়তা করে। উন্নতির কাঙ্ক্ষিত শিখরে আরোহণের একমাত্র উপায় হল যুগোপযোগী শিক্ষা। প্রগতিশীল শিক্ষা সুনিশ্চিত করার লক্ষ্য নিয়ে ২০০৭ সালে **"ইউনিক পাবলিক স্কুলের"** যাত্রা শুরু হয়। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় ডিজিটাল বাংলাদেশ গড়ার দৃঢ় প্রত্যয় নিয়ে আমাদের এ পথ চলা আজও অগ্রসরমান। এই জন্য আমি প্রথমেই শুকরিয়া আদায় করছি মহান আল্লাহর দরবারে এবং কৃতজ্ঞতা প্রকাশ করছি অত্র প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির সদস্যবৃন্দ, সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী এবং অভিভাবকদের প্রতি।

ইউনিক পাবলিক স্কুলে বর্তমানে প্লে হতে দশম শ্রেণি পর্যন্ত প্রচলিত শিক্ষা ব্যবস্থার পাশা পাশি প্রতিটি শিক্ষার্থীর জন্য আধুনিক শিক্ষা ব্যবস্থার আলোকে আইসিটি (ICT), শারীরিক শিক্ষা, চারু ও কারুকলা, ধর্মীয় শিক্ষা এবং সহপাঠ শিক্ষা যেমন সঙ্গীত, নৃত্য, স্কাউট, কাব, গার্ল-ইন স্কাউট, হলদেপাখি, গার্লস গাইড, আবৃত্তি, নাটক, উপস্থিত বক্তৃতা, রচনা প্রতিযোগিতা এবং জাতীয় ও আন্তর্জাতিক দিবসের কর্মসূচিতে অংশগ্রহণের ব্যবস্থা রয়েছে। এই প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের বাংলা, ইংরেজি ও গণিতের ভিত মজবুত করে গড়ে তোলার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়া শিক্ষার্থীদের হাতের লেখা সুন্দর ও দ্রুত করার লক্ষ্যে আমরা বিশেষ যত্ন নিয়ে থাকি। শিক্ষক ও অভিভাবকের সমন্বিত প্রচেষ্টায় শিক্ষার্থীর আচরণের কাঙ্ক্ষিত পরিবর্তন আনার লক্ষ্যে আমরা অভিভাবকদের সাথে নিয়মিত মত বিনিময় ও যোগাযোগ রক্ষা করি।

২০২০ সালে বিদ্যালয়টি নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি লাভ করে। মাধ্যমিক পর্যায়ে পাঠ দানের অনুমতির কার্যক্রম প্রক্রিয়াধীন।

আগামী দিনগুলোতে যাতে আপনাদের প্রিয় **"ইউনিক পাবলিক স্কুল"** আরও সফল ও কার্যকর হতে পারে সেই জন্য আমরা আপনাদের সকলের কাছে সহযোগিতা ও দোয়া কামনা করছি। সেই সাথে ২০২৩ শিক্ষাবর্ষে আকাশ ছোঁয়া স্বপ্ন নিয়ে আসা শিক্ষার্থীদের আলোকিত মানুষ হিসেবে গড়তে পারলে আমাদের পরিশ্রম স্বার্থক হবে।

সবার কল্যাণ কামনায়–


**মোঃ তনছের আলী প্রাং**
এম. এ. (ইংরেজি) বি.এড
চেয়ারম্যান
**ইউনিক পাবলিক স্কুল**
জলেশ্বরীতলা, বগুড়া।

## পাঠ্য বিষয় ও পাঠদানের বৈশিষ্ট্যসমূহ

- প্লে, নার্সারি ও কেজি শ্রেণিতে পর্যাপ্ত শিক্ষা উপকরণের মাধ্যমে শিশুদের শিক্ষায় হাতে খড়ি দেওয়া হয়।
- শিশুদের হাতের লেখার প্রতি বিশেষ যত্ন নেওয়া হয়।
- প্রতিটি শ্রেণিকক্ষে ২জন শিক্ষকের মাধ্যমে শ্রেণির পড়া শ্রেণিকক্ষেই তৈরি করা হয়।
- বৎসরের শুরুতেই শ্রেণির সিলেবাস অনুযায়ী প্রতিটি ক্লাসের পাঠ পরিকল্পনা সরবরাহ করা হয়।
- সকল ধর্মের ধর্মীয় ও নৈতিক শিক্ষা সহ আরবি ও কোরআন শিক্ষা পাঠ্য সূচীর অন্তর্ভুক্ত করা হয়েছে।
- প্রতিটি শ্রেণিতে নিয়মিত সাপ্তাহিক ও মাসিক পরীক্ষা অনুষ্ঠিত হয়।
- ১ম শ্রেণিতে বোর্ড বইয়ের পাশাপাশি আমাদের নিজস্ব প্রকাশনায় Standard Bangla, Standard English and Standard Math পড়ানো হয়।
- শিক্ষার্থীদের বাংলা ভাষায় দক্ষতা বৃদ্ধির সাথে সাথে গণিত ও ইংরেজী ভীতি দূর করার জন্য যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা হয়।
- SSC পরীক্ষার্থীদের জন্য বিশেষ ক্লাসের ব্যবস্থা করা হয়।
- প্রতিটি শ্রেণিতে সপ্তাহে একদিন করে সহপাঠ শিক্ষা যেমন সংঙ্গীত, নৃত্য, আবৃত্তি, নাটক, উপস্থিত বক্তৃতা, বিতর্ক প্রতিযোগিতা, হাতের সুন্দর লেখা ও রচনা লেখা ইত্যাদির ব্যবস্থা আছে।

## নিয়ম শৃঙ্খলা সংক্রান্ত নির্দেশিকা

১। স্কুল কর্তৃক নির্ধারিত পরিচয়পত্রসহ নির্দিষ্ট রংয়ের পরিষ্কার পরিচ্ছন্ন পোশাক পরিধান করে নিয়মিত স্কুলে উপস্থিত হতে হবে।
২। স্কুলে নিয়মিত আসতে হবে। অনুমোদন ছাড়া অনুপস্থিত থাকলে কারণ দর্শিয়ে দরখাস্ত দিতে হবে। অন্যথায় ২০ টাকা হারে অনুপস্থিতির জরিমানা আদায় করা হবে।
৩। হাত, পায়ের নখ কাটতে হবে। মেয়েরা নেইল পলিশ, টিপ, লিপস্টিক ব্যবহার করতে পারবে না।
৪। যে কোন অলংকার (চেইন, বালা, নূপুর, চুড়ি, ঝুলন্ত দুল) ব্যবহার করতে পারবে না।
৫। ছেলেরা চুল ছোট রাখবে আর মেয়েরা চুলে সাদা রঙের ফিতা, রাবার ইত্যাদি ব্যবহার করতে পারবে।
* প্রতি রবিবার প্রতিটি শ্রেণিতে শিক্ষার্থীদের স্কুল ইউনিফর্ম, হাত-পায়ের নখ ও চুল কাটা যথাযথ আছে কি-না তা যাচাই করা হবে।
৬। দেয়ালে কোথাও লেখা বা ছবি আঁকা যাবে না।
৭। প্রতিষ্ঠান প্রধানের অনুমতি ছাড়া কোন ছাত্র/ছাত্রী স্কুল ত্যাগ করতে পারবে না।
৮। মোবাইল, খেলনা, ক্ষুর, চাকু, স্টিলের স্কেল সহ সকল প্রকারের অবৈধ দ্রব্যাদি স্কুল ব্যাগে রাখা যাবে না।
৯। মাসিক পরীক্ষা, শ্রেণি পরীক্ষা ও অন্যান্য পর্ব পরীক্ষায় শতভাগ উপস্থিত থাকতে হবে।
১০। প্রত্যেক জাতীয় অনুষ্ঠানে সকল ছাত্র-ছাত্রীর অংশগ্রহণ বাধ্যতামূলক।
১১। প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে বেতন পরিশোধ করতে হবে। বকেয়া বেতনের ক্ষেত্রে প্রতি মাসে ২০ টাকা হারে জরিমানা দিতে হবে।
* উপরোক্ত নিয়ম শৃঙ্খলা রক্ষার্থে স্কুল কর্তৃপক্ষ ও শিক্ষকগণ তাদের সুবিধার্থে যেকোনো কার্যকর পদক্ষেপ নিতে পারে। সেক্ষেত্রে

## PEC, JSC ও SSC পরীক্ষায় আমাদের সাফল্য

| প্রাথমিক শিক্ষা সমাপনী (PEC) | | জুনিয়র স্কুল সার্টিফিকেট (JSC) | | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (SSC) | |
|---|---|---|---|---|---|
| পরীক্ষার সন | পাশের হার | পরীক্ষার সন | পাশের হার | পরীক্ষার সন | পাশের হার |
| ২০১৫ | ১০০% | ২০১৭ | ১০০% | ২০২০ | ১০০% |
| ২০১৬ | ১০০% | ২০১৮ | ১০০% | ২০২১ | ৯৮% |
| ২০১৭ | ১০০% | ২০১৯ | ১০০% | ২০২২ | ফল প্রত্যাশি |
| ২০১৮ | ১০০% | ২০২০ | ১০০% | | |
| ২০১৯ | ১০০% | ২০২১ | ১০০% | | |
| ২০২০ | ১০০% | | | | |
| ২০২১ | ১০০% | | | | |

## “অভিভাবক সমাবেশ”

প্রত্যেক বৎসর শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নয়ন, স্কুলের উন্নতি ও অগ্রগতি পর্যালোচনা ইত্যাদি বিষয়কে সামনে রেখে একটা নির্দিষ্ট দিনে ইউনিক পাবলিক স্কুল অডিটোরিয়ামে অভিভাবক সমাবেশের আয়োজন করা হয়। সমাবেশে অভিভাবকদের সাথে চেয়ারম্যান, প্রধান শিক্ষক, শিক্ষকমন্ডলী মুক্ত আলোচনায় অংশগ্রহণ করেন এবং অভিভাবকের মতামত গ্রহণ করা হয় এবং প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়।

## “প্রতিষ্ঠানের অন্যান্য সেবাসমূহ”

- প্রতিষ্ঠানের নিজস্ব ভবনে বিভিন্ন তলায় উঠানামার জন্য (Lift) লিফ্ট এর সুব্যবস্থা আছে।
- শ্রেণিকক্ষে ও গুরুত্বপূর্ণ স্থানে ৬৪টি সি.সি ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক পর্যবেক্ষণ ও রেকর্ড করা হয়।
- জেনারেটরের (৫০,০০০w) মাধ্যমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা হয়।
- প্রতিষ্ঠানের নিজস্ব নিরাপত্তাকর্মীর মাধ্যমে সার্বক্ষণিক নিরাপত্তার ব্যবস্থা রাখা হয়।

## পোশাক পরিচ্ছদ (Uniform)

| | গ্রীষ্মকালীন | শীতকালীন |
|---|---|---|
| বালক<br>প্লে হতে ২য় শ্রেণি | মিষ্টি গোলাপী রঙের হাফ শার্ট, চকলেট কালারের হাফ প্যান্ট, সোলডার ব্যাজ, সাদা জুতা (কেডস্), সাদা মোজা। | মিষ্টি গোলাপী রঙের ফুল শার্ট, চকলেট কালারের ফুল প্যান্ট, সোলডার ব্যাজ, সাদা জুতা (কেডস্), সাদা মোজা, লাল রঙের ফুল হাতা সোয়েটার। |
| বালিকা<br>প্লে হতে ২য় শ্রেণি | মিষ্টি গোলাপী রঙের হাফ শার্ট, চকলেট কালারের স্কার্ট, সোলডার ব্যাজ, সাদা জুতা (কেডস্), সাদা মোজা। | মিষ্টি গোলাপী রঙের ফুল শার্ট, চকলেট কালারের স্কার্ট, সোলডার ব্যাজ, সাদা জুতা ( কেডস্), সাদা মোজা, লাল রঙের ফুল হাতা সোয়েটার। |
| বালক<br>৩য় হতে ১০ম শ্রেণি | হালকা এ্যাশ কালারের হাফ শার্ট, ব্লু কালারের প্যান্ট, সোলডার ব্যাজ, সাদা জুতা (কেডস্), সাদা মোজা। | হালকা এ্যাশ কালারের ফুল শার্ট, ব্লু কালারের প্যান্ট, সোলডার ব্যাজ, সাদা জুতা (কেডস্), সাদা মোজা ও ব্লু কালারের ফুল হাতা সোয়েটার। |
| বালিকা<br>৩য় হতে ১০ম শ্রেণি | হালকা এ্যাশ কালারের ফ্রক ও সাদা বেল্ট ও সাদা ওড়না, স্কার্ফ এবং পায়জামা সাদা কালার। সোলডার ব্যাজ, সাদা জুতা (কেডস্), সাদা মোজা। | হালকা এ্যাশ কালারের ফ্রক ও সাদা বেল্ট, সাদা ওড়না, স্কার্ফ এবং পায়জামা সাদা কালার। সোলডার ব্যাজ, সাদা জুতা (কেডস্), সাদা মোজা। ব্লু কালারের ফুল হাতা কার্ডিগ্যান। |

## স্কুল শাখার সময়সূচী

| শ্রেণি | প্রভাতি শাখা | দিবা শাখা | |
|---|---|---|---|
| প্লে | ৭.৩০-১০.৩০ | ১২.০০-৩.০০ | বিঃদ্রঃ শিক্ষার্থীদের চাহিদার প্রেক্ষিতে অতিরিক্ত ক্লাসে বিশেষ পাঠদানের ব্যবস্থা করা হয়। |
| নার্সারী | ৭.৩০-১০.৪০ | ১২.০০-৩.১০ | |
| কেজি | ৭.৩০-১০.৫০ | ১২.০০-৩.২০ | |
| প্রথম | ৭.৩০-১১.১৫ | ১২.০০-৩.৪৫ | |
| দ্বিতীয় | ৭.৩০-১১.৩০ | ১২.০০-৪.০০ | |
| ৩য় হতে ৫ম শ্রেণি | ৭.৩০-১২.৩০ | | |
| ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি | ৭.৩০-১.১০ | | |

## ভর্তির নিয়মাবলি

১। ভর্তির সময় ২০০/- টাকা দিয়ে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।

২। সংগৃহিত ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করে শিক্ষার্থীর ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি এবং পিতা অথবা মাতার ১ কপি করে রঙিন ছবি নির্ধারিত স্থানে লাগিয়ে অফিসে জমা দিতে হবে।

৩। প্রতিযোগিতার মাধ্যমে প্লে শ্রেণিতে পূর্ণ আসনে এবং নার্সারী থেকে নবম শ্রেণিতে সীমিত আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করানো হয়।

৪। ছাত্র-ছাত্রীর ভর্তির বয়সসীমা নিম্নরূপ ঃ

(ক) প্লে শ্রেণিতে ভর্তির বয়স ৩$^+$ বছর।
(খ) নার্সারি শ্রেণিতে ভর্তির বয়স ৪$^+$ বছর।
(গ) কেজি শ্রেণিতে ভর্তির বয়স ৫$^+$ বছর।
(ঘ) প্রথম শ্রেণিতে ভর্তির বয়স ৬$^+$ বছর।
(ঙ) দ্বিতীয় শ্রেণিতে ভর্তির বয়স ৭$^+$ বছর।
(চ) তৃতীয় শ্রেণিতে ভর্তির বয়স ৮$^+$ বছর এবং
৪র্থ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত বয়স পর্যায়ক্রমে বৃদ্ধি পাবে।

* শিক্ষার্থীর অনলাইন জন্মসনদের ফটোকপি ও পিতা অথবা মাতার জাতীয় পরিচয়পত্রের (NID) ফটোকপি ভর্তি ফরমের সাথে শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

## সহপাঠক্রমিক কার্যাবলী

শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসের পড়ার পাশাপাশি প্রত্যেক সপ্তাহের সহপাঠক্রমিক কার্যক্রম পরিচালনা করা হয়। লেখাপড়ার পাশাপাশি প্রতিটি শিক্ষার্থীকে তার পছন্দের বিষয় যেমন-গান করা, নাচ শেখা, আবৃত্তি শেখা ও উপস্থাপনা, গল্প বলা, অভিনয়, হামদ্-নাত ও ক্বেরাত পাঠ ইত্যাদিতে পারদর্শী করে গড়ে তোলার জন্য উপরোক্ত বিষয়সমূহের উপর সপ্তাহে ১টি ক্লাসের ব্যবস্থা আছে।

উল্লেখ্য যে, শিক্ষার্থীরা বাংলাদেশ সরকার কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করে। অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা জাতীয় অনুষ্ঠান সহ সকল কর্মকান্ডে অংশগ্রহণ করে সনদ ও পুরষ্কার লাভ করেছে যেমন- বিজয় দিবস এর পুরস্কার, স্বাধীনতা দিবসের পুরস্কার, জাতীয় শিশু দিবসের পুরস্কার, শেরেবাংলা পদক, বঙ্গবন্ধু শিশু কিশোর পুরস্কার, জাতীয় শিশু মৌসুমী পুরস্কার, প্রাথমিক শিক্ষা সপ্তাহ পুরস্কার, শিল্পকলা একাডেমি বগুড়া কর্তৃক প্রদত্ত পুরস্কারসহ আরো অনেক পুরস্কারে ভূষিত হয়েছে স্কুলের শিক্ষার্থীরা।



# বিদ্যালয়ের সচিত্র প্রতিবেদন



কুঁড়ি ও বগুড়া শিশু নাট্যদলের আয়োজনে ছড়াপাঠ অনুষ্ঠানে
ইউনিক পাবলিক স্কুলের ছাত্রদের পুরস্কার গ্রহণ



বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা চেয়ারম্যানের সঙ্গে শিক্ষকমন্ডলী (প্লে-২য় শ্রেণি)



বিদ্যালয়ের প্রতিষ্ঠাতা চেয়ারম্যানের সঙ্গে শিক্ষকমন্ডলী (৩য়-১০ম শ্রেণি)



বিজ্ঞান গবেষণাগারে শিক্ষক ও শিক্ষার্থীরা



শেখ রাসেল দিবস-২০২২ এর চিত্রাঙ্কন প্রতিযোগিতার একাংশ



ইউনিক পাবলিক স্কুলের প্রাথমিক ও মাধ্যমিক শাখার ফুটবল দল



প্রতিটি শ্রেণিকক্ষ সহ গুরুত্বপূর্ণ স্থানে সিসি ক্যামেরার
মাধ্যমে সার্বক্ষণিক পর্যবেক্ষণ ও রেকর্ড করা হয়।



মহান বিজয় দিবস এবং স্বাধীনতা দিবসে প্যারেডে
অংশগ্রহণকারী স্কাউট ও গার্ল-ইন স্কাউট দল



বিদ্যালয়ের শিক্ষার্থীদের পিটিতে অংশগ্রহণ (প্লে-২য় শ্রেণি)



বিদ্যালয়ের শিক্ষার্থীদের সমাবেশে অংশগ্রহণ (৩য়-১০ম শ্রেণি)